



বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়া

BANGLADESH MukTIJUDDAH SANGSAD AUSTRALIA

An affiliated unit of Bangladesh Muktiyuddah Sangsad Central Command Council
Registration No. INC 9894205

৭ই মে ২০১১

মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডারের মৃত্যুতে শোক বার্তা

১৯৭১ মুক্তিযুদ্ধ চলাকালিন সাত নম্বর সেক্টর কমান্ডার লে: কর্ণেল (অব:) কাজী নুরুজ্জামান আজ আর আমাদের মাঝে নেই। গত ৬ই মে ২০১১ ছিয়াশী বছর বয়সে আমাদের শোকের সাগরে ভাসিয়ে তিনি চলে গেলেন। মুক্তিযুদ্ধের অকুতোভয় এই সৈনিকের কথা বাঙালী জাতি চিরদিন শ্রদ্ধাভরে স্মরণে রাখবে। সমগ্র বাংলাদেশের জনগণ, মুক্তিযোদ্ধাদের সাথে সাথে আমরা অস্ট্রেলিয়া প্রবাসী মুক্তিযোদ্ধারাও শোকাহত।

কাজী নুরুজ্জামান ২৮শে সেপ্টেম্বর ১৯৭১ মুক্তিযুদ্ধ চলাকালিন সময়ে বৃহত্তর রাজশাহী, বগুড়া, পাবনা ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে গঠিত ৭ নম্বর সেক্টরের কমান্ডার এর দায়িত্ব প্রাপ্ত হন এবং দেশ স্বাধীন হওয়া পর্যন্ত সফলতার সাথে তার দায়িত্ব পালন করেন।

মুক্তিযুদ্ধে অসামান্য কৃতিত্বের স্বীকৃতি স্বরূপ তার সেক্টরের ৪জনকে বীরবিক্রম ও ৭ জন বীরপ্রতীক খেতাবে ভূষিত করা হয়। তাছাড়াও ৭জন বীরশ্রেষ্ঠের একজন ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর তারই অধীনে বীরত্বপূর্ণ যুদ্ধ করে শহীদ হন। এছাড়াও এই সেক্টরের ৯টি সাব-সেক্টরে ৬৭জন সামরিক কর্মকর্তা ও সৈনিক মুক্তিযোদ্ধা এবং ৩২৯জন বেসামরিক মুক্তিযোদ্ধা শহীদ হন।

বাংলাদেশের ইতিহাসে তার অবদানের কথা স্বর্ণাক্ষরে লেখা থাকবে। মহান আল্লাহতা'লার নিকট তার আত্মার মাগফেরাত কামনা করছি।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়ার পক্ষে-

(ওয়ালিউর রহমান টুনু)
সদস্য-সচিব

(আবুল এইচ.এম. হেলালউদ্দিন)
আহ্বায়ক